দৈনিক

# ইত্তেফাক

তারিখ ..07 MAY 2015...
পৃষ্ঠা ...[illegible]... কলাম ...৪...

## চরফ্যাশনে এইচএসসি পরীক্ষা কেন্দ্র পরিবর্তন

■ চরফ্যাশন (ভোলা) সংবাদদাতা

ভোলার চরফ্যাশন সরকারি কলেজ ও ফাতেমা মতিন মহিলা কলেজের এইচএসসি পরীক্ষার্থীদের কেন্দ্র পরিবর্তন করা হয়েছে। গত মঙ্গলবার পরীক্ষা নিয়ন্ত্রক মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড বরিশাল স্বাক্ষরিত পত্রে খবর নিশ্চিত করা হয়েছে।

আজ বৃহস্পতিবার থেকে পরিবর্তিত কেন্দ্র বেগম রহিমা ইসলাম কলেজ কেন্দ্রে চরফ্যাশন কলেজের পরীক্ষার্থীরা এবং অধ্যক্ষ নজরুল ইসলাম কলেজ ভেন্যুতে ফাতেমা মতিন মহিলা কলেজের পরীক্ষার্থীরা পরীক্ষা দিচ্ছে। এছাড়া কেন্দ্রভুক্ত অন্যান্য কলেজের আসন ব্যবস্থা অপরিবর্তিত থাকবে। উপজেলা নির্বাহী অফিসার মো. রেজাউল করিম বিষয়টি নিশ্চিত করেছেন।